

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬০

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আসরের সালাত জলদী আদায় করা।

باب مَا جَاءَ فِي تَعْجِيلِ الْعَصْرِ

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّتَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنِ الْعَلاَءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، أَنَّهُ دَخَلَ عَلَى أَنَسِ بْنِ مَالِكٍ فِي دَارِهِ بِالْبَصْرَةِ حِينَ انْصَرَفَ مِنَ الظُّهْرِ وَدَارُهُ بِجَنْبِ الْمَسْجِدِ عَلَى أَنَسِ بْنِ مَالِكٍ فِي دَارِهِ بِالْبَصْرَةِ حِينَ انْصَرَفَ مِنَ الظُّهْرِ وَدَارُهُ بِجَنْبِ الْمَسْجِدِ فَقَالَ قُومُوا فَصِلُوا الْعَصْرَ . قَالَ فَقُمْنَا فَصِلَاً يْنَا فَلَمَّا انْصِرَفْنَا قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " تِلْكَ صَلاَةُ الْمُنَافِقِ يَجْلِسُ يَرْقُبُ الشَّمْسَ حَتَّى إِذَا كَانَت بَيْنَ قَرْنَى الشَّيْطَانِ قَامَ فَنَقَرَ أَرْبَعًا لاَ يَذْكُرُ اللَّهَ فِيهَا إِلاَّ قَلِيلاً " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

১৬০. আলী ইবনু হুজর (রহঃ) আলা ইবনু আবদির রাহমান রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি একদিন যুহরের সালাত আদায় করার পর আনাস রাদিয়াল্লাহু আনহু এর বসরাস্ত বাড়িতে গেলেন। আনাস রাদিয়াল্লাহু আনহু এর বাড়ি ছিল মসজিদের পাশেই। তিনি আমদের বললেন উঠ, আসরের সালাত আদায় করে নাও। আলা ইবনু আবদির রাহমান বলেন, আমরা উঠে সালাত আদায় করে নিলাম। সালাত শেষে আনাস রাদিয়াল্লাহু আনহু বললেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, এতো মুনাফিকের নামায , যে সূর্যের প্রতীক্ষায় বসে থাকে; শেষে শয়তানের দুই শিংয়ের মাঝে যখন তা পৌছে যায় আর আস্তগমনের নিকটবর্তী হয়ে যায় তখন সে উঠে দাঁড়ায় আর চারটি ঠোকর দিয়ে দেয়। এতে সে আল্লাহর স্মরণ খুব কমই করে থাকে। - সহিহ আবু দাউদ ৪২০, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬০ [আল মাদানী প্রকাশনী]

আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন, এই হাদিসটি হাসান ও সহীহ।

English

Al-Ala bin Abdur-Raman narrated that : he visited Anas bin Malik in his home in Al Basrah after finishing Zuhr, and



his home was next to the Masjid. So he said: 'Stand to pray Asr." He (Al-Ala) said: "So we stood to pray. When we were finished he (Anas) said: 'I heard Allah's Messenger saying: "That is the prayer of the hypocrite. He sits watching the sun, until when it is between the horns of the Shaitan he stands and pecks out four (units of prayer), not remembering Allah in them but a little."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলা ইবনু আবদুর রহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন